অপপ্রয়াস'রূপে গণ্য করেছেন। এপ্রসঙ্গে লক বলেন যে, সামাজিক শিক্ষা দীক্ষার দ্বারা যদি সহজাত ধারণাগুলি আচ্ছন্ন হয় বা আবৃত হয় তাহলে শিক্ষারম্ভের পূর্বে শিশুমনে তাদের স্বরূপে পাওয়া যাবে; কিন্তু বাস্তবে দেখা যায় যে, কোন মানবশিশুই সহজাত ধারণা সম্পর্কে সচেতন থাকে না।

উপরোক্ত প্রকারে যুক্তি দর্শিয়ে লক বুদ্ধিবাদীদের সহজাত ধারণাতত্ত্ব খণ্ডন করেন এবং এটাই তাঁর জ্ঞানতত্ত্বের নঞর্থক দিক। জ্ঞানতত্ত্বের দ্বিতীয় দিকটি হল সদর্থক, যেখানে লক ধারণার উৎসমূল নির্ণয় করে তাঁর অভিজ্ঞতাবাদ প্রতিষ্ঠা করেন।

সমালোচনা (Criticism)

লকের 'সহজাত' ধারণাতত্ত্ব খণ্ডন' যুক্তিগ্রাহ্য হতে পারেনি। 'জন্মলগ্নে মানব শিশু কোন স্পষ্ট ধারণা নিয়ে জন্মায় না' - লকের এই অভিমত স্বীকার করার মধ্যে কোন দোষ নেই; কিন্তু একথা কোনভাবেই অস্বীকার করা চলে না যে, জন্মলগ্নে প্রত্যেক শিশু কিছু সহজাত প্রবণতা বা বুদ্ধিশক্তি নিয়ে জন্মায়। জন্মগত এই প্রবণতা বা বুদ্ধি-সামর্থ্যের জন্যই একই পরিবেশে বর্ধিত হওয়া সত্ত্বেও দুজন শিশু কালক্রমে ভিন্ন চরিত্র ও ব্যক্তিত্বের অধিকারী হয়। অভিজ্ঞতা-নিরপেক্ষ এই সহজাত বুদ্ধি-সামর্থ্যকে অস্বীকার করলে কোন রকম ধারণারই ব্যাখ্যা দেওয়া যায় না। কাজেই, লককে অনুসরণ করে এমন বলা সঙ্গত হবে না যে 'কোন কিছুই সহজাত নয়, সবই অভিজ্ঞতাজাত।' এজন্য বুদ্ধিবাদী দার্শনিক লাইব্‌নিজ লকের অভিজ্ঞতাবাদের সমালোচনায় বলেন - "লকের অভিমতটিকে - 'আমাদের বোধে এমন কিছু নেই যা অভিজ্ঞতার অবদান নয়,' এই অভিমতটিকে, সম্পূর্ণ সত্যরূপে গণ্য করা যাবে যদি ঐ অভিমতের সঙ্গে যোগ করা হয় 'কেবলমাত্র বুদ্ধি-সামর্থ্য ছাড়া"।

১.৩.২. সদর্থক দিক ; ধারণার উৎস সন্ধান ঃ লকের অভিজ্ঞতাবাদ (Positive aspect : Enquiry concerning the origin of Ideas Locke's empiricism)

Essay গ্রন্থের প্রথম ভাগে (Book I) সহজাত ধারণাকে সর্বৈব অস্বীকার করে ঐ গ্রন্থের দ্বিতীয় ভাগে (Book II) লক ধারণার উৎপত্তি সম্পর্কে তাঁর অভিমত প্রকাশ করেন এ সেভাবে দেকার্ত ও লাইব্‌নিজের বুদ্ধিবাদের বিপরীত মতবাদ, অভিজ্ঞতাবাদ, প্রতিষ্ঠা করে যেহেতু মানুষ কোন 'সহজাত ধারণা' (innate idea) নিয়ে জন্মায় না, 'জন্মলগ্নে মানুষের মন থাকে একটা সাদা বা কোরা কাগজের (tabula rasa) মতো, যার ধারণা গ্রহণের সামর্থ্য থাকলেও কোন ধারণাই সেই সময় (জন্মকালে) থাকে না'[১]। মানুষের সমগ্র জীবনের (পরবর্তী কালের) সমুদয় জ্ঞান ও বিশ্বাসের মূলে হল তার সমগ্র জীবনের—জন্ম ও মধ্যবর্তী জীবনের—অভিজ্ঞতার মাধ্যমে লব্ধ ধারণা।' লকের এপ্রকার জ্ঞানতাত্ত্বিক অ প্রকৃত পক্ষে, সাধারণ মানুষের বিশ্বাস-সম্মত ও সমর্থনপুষ্ট মতবাদ'*

---

১. 'Mind at birth ..... is a kind of tabula rasa, ready to receive impre

ধারণা গঠন করতে পারি। একইভাবে, 'অসীম করুণাময় সর্বজ্ঞ ও সর্বক্ষম ঈশ্বরের' ধারণাটিও সরল ধারণা সহযোগে একটি জটিল ধারণা। জ্ঞান, করুণা, প্রেম, শৌর্য-বীর্য প্রভৃতি গুণগুলি সীমিতরূপে প্রত্যক্ষকরে এবং কল্পনায় তাদের যথাসম্ভব পরিমার্জন ও পরিবর্ধন করে আমাদের মন সক্রিয়ভাবে ঈশ্বরের ধারণাটি গঠন করে।

জটিল বা যৌগিক ধারণা প্রসঙ্গে লকের 'ধারণা-সংক্রান্ত অভিজ্ঞতাবাদে'র (concept empiricism) বিরুদ্ধে একটি আপত্তি উত্থাপন করে বলা হয় ঃ জন্মলগ্নে আমাদের মনে যদি কোন ধারণা না থাকে, সমস্ত ধারণা ভিত্তি যদি হয় অভিজ্ঞতা -- সংবেদন ও অন্তর্বেদন -- তাহলে 'সোনার পাহাড়', 'দুধের সাগর' জাতীয় জটিল ধারণাগুলিকে, যাদের সম্পর্কে আমাদের কোন অভিজ্ঞতা নেই, কীভাবে স্বীকার করা যাবে ? এপ্রকার অভিযোগের উত্তরে এবং লকের অভিমতের সমর্থনে এখানে বলা যায় যে--জটিল ধারণার বিষয়গুলি অভিজ্ঞতাগ্রাহ্য না হলেও যেসব উপাদানে অর্থাৎ যেসব সরল ধারণা সহযোগে জটিল ধারণাগুলি গঠিত সে সবই হল অভিজ্ঞতা (সংবেদন ও অন্তর্বেদন) প্রসূত।

মূলত **তিনভাবে মন সক্রিয়ভাবে জটিল ধারণা গঠন করে**। যথা --

(১) **প্রথমত**, কতকগুলি সরল ধারণাকে উপাদানরূপে গ্রহণ করে মন সক্রিয়ভাবে যৌগিক বা জটিল ধারণা গঠন করে। মন এখানে বাহ্য প্রত্যক্ষণ বা অন্তর্দর্শনের ওপর নির্ভর না করেই সঞ্চিত সংবেদনমূলক ও অন্তর্বেদনমূলক সরল ধারণার সমন্বয়ে সক্রিয়ভাবে যৌগিক ধারণা গঠন করে। 'সৌন্দর্য, কৃতজ্ঞতা, মানুষ, সৈন্যদল, বিশ্বজগৎ' প্রভৃতি ধারণাগুলিকে লক এপ্রকার ধারণা বলেছেন।*

(২) **দ্বিতীয়ত**, মন দুটি ধারণাকে, সরল অথবা যৌগিক ধারণাকে, পরস্পর যুক্ত না করে তাদের মধ্যে **সম্বন্ধ স্থাপন** করে এবং সেভাবে সম্বন্ধসূচক যৌগিক ধারণা গঠন করে। যেমন -- 'পিতা ও পুত্র' 'বড় ও ছোট', 'কারণ ও কার্য' ইত্যাদি সম্বন্ধসূচক ধারণা।

(৩) **তৃতীয়ত**, অনুষঙ্গবদ্ধ বিভিন্ন ধারণা থেকে কোন একটি ধারণাকে পৃথক করে মন সক্রিয়ভাবে বিমূর্ত সাধারণ ধারণা (general abstract idea) গঠন করতে পারে। যেমন, চক্ (chalk), বরফ, দুধ ইত্যাদি অনুষঙ্গবদ্ধ জটিল ধারণা থেকে রঙের ধারণাটি পৃথক করে মন 'শুভ্রতার' বিমূর্ত সাধারণ ধারণাটি গঠন করতে পারে।

স্পষ্টতই, যৌগিক ধারণা গঠনের তিনটি পদ্ধতি হল -- **সংযুক্তি** (combination), **সম্বন্ধ-করণ** (relation) এবং **বিমূর্তিকরণ** (abstraction)। আলোচনার সুবিধার জন্য লক তাঁর Eassy গ্রন্থে যৌগিক বা জটিল ধারণাকে প্রধান তিনটি শ্রেণিতে বিন্যস্ত করেছেন। যথা -- **প্রকার** (modes), **দ্রব্য** (substance) এবং **সম্বন্ধ** (relation)। [বিষয় তিনটির আলোচনা ১.৩.৫-এ করা হল]

'লকের উপরি-উক্ত ধারণা সংক্রান্ত অভিমতকে -- সব ধারণার উৎসমূল হল অভিজ্ঞতা এই অভিমতকে -- সংযত বা মিতবাক ব্রিটিশ অভিজ্ঞতাবাদের গোড়া-পত্তনরূপে গণ্য করা যেতে পারে।'[১] তবে, এর থেকে এমন মনে করা সঙ্গত হবে না যে, লকই এপ্রকার অভিজ্ঞতাবাদের

---

* Essay. II. P. 214. Locke.

১. 'Locke's general principle that all our ideas are grounded in experience and depend on it, was basic in classical British empiricism.' A History of Philosophy. Vol - V. P. 78. F. Copleston.

সরল বা মৌলিক ধারণার উৎস (Sources of Simple ideas)

জ্ঞানের উপাদান হল 'ধারণা'। কাজেই জ্ঞানের উৎস সন্ধানে ধারণার উৎস সন্ধান করতে হয়। জন্মলগ্নের ধারণাশূন্য (tabula rasa) মনে ধারণার উৎপত্তি হয় কীভাবে ? প্রশ্নোত্তরে লক একটি মাত্র শব্দ ব্যবহার করে বলেন "অভিজ্ঞতার' মধ্যমে - **অভিজ্ঞতাই সমস্তজ্ঞানের ভিত্তি, কেননা অভিজ্ঞতাই সমস্ত ধারণার উৎসমূল।**"[১] 'অভিজ্ঞতা' বলতে লক দুটি বিষয়ের উল্লেখ করেছেন - **সংবেদন (sensation)** এবং **অন্তর্বেদন** বা **অন্তর্দর্শন (reflection)**। 'বাহ্যবস্তুর ইন্দ্রিয়গ্রাহ্য গুণগুলি আমাদের ইন্দ্রিয়কে উদ্দীপিত করলে মনোমধ্যে তাদের যে ছাপ পড়ে তাকেই বলে সংবেদন।'[২] সংবেদনের মাধ্যমে আমরা যেসব ধারণা লাভ করি সেসবই বাহ্যজগৎ সংক্রান্ত। যথা - বর্ণ, গন্ধ, শব্দ কাঠিন্য ইত্যাদির ধারণা। এসব সংবেদনমূলক ধারণাগুলিকে মন নিষ্ক্রিয়ভাবে গ্রহণ করে মাত্র - তাদের যেমন সৃষ্টি করতে পারে না, তেমনি ধ্বংস করতেও পারে না। বাহ্যজগতের সঙ্গে ইন্দ্রিয়-সংযোগের ফলে সংবেদনজনিত ধারণাগুলি মনে যেভাবে উপস্থিত হয়, মন তাদের নিশ্চেষ্টভাবে সেইমতোই গ্রহণ করে। বাইরে শব্দ হলে এবং সেই শব্দের সঙ্গে আমাদের শ্রবণেন্দ্রিয়ের সম্পর্ক ঘটলে শব্দ-সংবেদন না হয়ে পারে না এবং মন সেই সংবেদনমূলক ধারণাকে নিষ্ক্রিয়ভাবেই গ্রহণ করে। এপ্রসঙ্গে লক বলেন, 'এইসব সংবেদনমূলক **সরল ধারণা** (simple ideas) যখন মনে আসে, মন তাদের প্রত্যাখ্যান করতে পারে না, পরিবর্তিত করতে পারে না, তাদের অপসারিত করে নতুন কোন ধারণাও গঠন করতে পারে না—যেমন আয়নায় প্রতিফলিত কোন বস্তুর প্রতিবিম্বনকে আয়নাটি প্রত্যাখ্যান করতে বা পরিবর্তিত করতে পারে না।'[৩] এসব কথার অর্থ হল-**সংবেদনমূলক সরল ধারণার স্বরূপ নির্ধারিত হয় বস্তুর দ্বারা, মনের দ্বারা নয়।**

অভিজ্ঞতার অপর দিক - **অন্তর্দর্শন** বা **অন্তর্বেদনের** মাধ্যমে বাহ্যজগতের পরিবর্তে অন্তর্জগতের অর্থাৎ মনের ক্রিয়াকলাপ সম্পর্কে, যথা—প্রত্যক্ষণ, চিন্তন, সংশয়, বিশ্বাস, সংকল্প ইত্যাদি সম্পর্কে — আমরা ধারণা লাভ করি। সুখ, দুঃখ, আশা, আকাঙ্ক্ষা ইত্যাদির ধারণাও অন্তর্বেদনমূলক ধারণা। অন্তর্বেদনে সরাসরি যেসব ধারণা লাভ করা যায় সেসবও **সরল ধারণা** (Simple ideas)। **সংবেদনজাত এবং অন্তর্বেদনজাত সরল ধারণাসমূহই হল জ্ঞান জগতের পরমাণু সদৃশ মৌল উপাদান।** জড়জগতের মূলে যেমন অসংখ্য জড় পরমাণু, জ্ঞানজগতের মূলেও তেমনি অজস্র সরল ধারণা - সংবেদনজাত ধারণা এবং অন্তর্বেদনজাত ধারণা। তবে এই দুই প্রকার ধারণা জ্ঞানের মৌল উপাদান হলেও, **সংবেদনমূলক ধারণা অন্তর্বেদনমূলক ধারণার পূর্ববর্তী।**

মানব শিশু প্রথমে নিষ্ক্রিয়ভাবে সংবেদনমূলক ধারণাগুলিকে গ্রহণ করে ; পরে বুদ্ধি কিছুটা পরিণত হলে অন্তর্দর্শনের মাধ্যমে মানসিক ক্রিয়াকলাপ সম্পর্কে ধারণা লাভ করে। অর্থাৎ লকের মতে, বাহ্যপ্রত্যক্ষজনিত সংবেদনঅন্তর প্রত্যক্ষজনিত অন্তর্বেদনের পূর্ববর্তী। উল্লেখ্য যে, লক এখানে দেকার্তের অভিমতের বিপরীত অভিমত পোষণ করেছেন। দেকার্তের মতে, আত্মজ্ঞান বাহ্যজগতের জ্ঞানের পূর্ববর্তী ; পক্ষান্তরে লকের মতে, বাহ্যজগতের জ্ঞান আত্মজ্ঞানের পূর্ববর্তী।

ধারণার উৎস সম্পর্কে লকের সার কথা হল, আমাদের সমুদয় ধারণার উৎসমূল হল বাহ্যপ্রত্যক্ষজনিত সংবেদন এবং অন্তরপ্রত্যক্ষজনিত অন্তর্বেদন ; আমাদের মনে এমন কোন ধারণা নেই অথবা থাকতে পারে না যা সংবেদন অথবা অন্তর্বেদন, অথবা যুগপৎ সংবেদন ও অন্তর্বেদনের মাধ্যমে লব্ধ নয়। মানব মন যেন একটি অন্ধকার কক্ষ যেখানে দুটি মাত্র বাতায়ন উন্মুক্ত - একটি সংবেদনের এবং অন্যটি অন্তর্বেদনের - যে দুটি উন্মুক্ত পথ ধরে সব ধারণা মনে উপস্থিত হয় এবং কক্ষটি ধীরে ধীরে জ্ঞানের আলোকে আলোকিত হয়। এই রূপক-বাক্যটির মাধ্যমে এটাই বলা হয়, জ্ঞানের উপাদান যে ধারণা তার উৎস হল অভিজ্ঞতা, আর কিছু নয়। সিদ্ধান্ত প্রসঙ্গে লক তাই বলেন, 'আমাদের সমস্ত গগনচুম্বী উন্নত চিন্তারও ভিত্তি হল এ-প্রকার অভিজ্ঞতা; মানুষের মনের সমস্ত বিচরণক্ষেত্র, সুদূর প্রসারী দূরকল্পনা ইত্যাদির কোন কিছুই সংবেদন ও অন্তর্বেদনলব্ধ ধারণার সীমানা অতিক্রম করতে পারে না।'[১] এই প্রকারে ধারণার উৎসমূল নির্ধারণ করে লক তাঁর জ্ঞানতাত্ত্বিক মতবাদ অভিজ্ঞতাবাদ প্রতিষ্ঠা করেন।

সরল ধারণার প্রকারভেদ (Different types of simple ideas)

উপরোক্ত প্রকারে সংবেদন ও অন্তর্বেদনলব্ধ সরল বা মৌলিক ধারণাগুলি (simple ideas) চার রকম হতে পারে। যথা -

প্রথম প্রকার সরল ধারণা হল একেন্দ্রীয়লব্ধ ধারণা (ideas coming through one sense only)। যেমন - লাল, নীল প্রভৃতি রঙের ধারণা; তিক্ততা, মিষ্টত্ব প্রভৃতি স্বাদের ধারণা; বিভিন্ন রকম শব্দের ধারণা; স্পর্শের ধারণা এবং গন্ধের ধারণা। সব রকম রঙের ধারণা কেবল চক্ষু পথে, স্বাদের ধারণা কেবল জিহ্বা পথে, শব্দের ধারণা কেবল কর্ণ-পথে, স্পর্শের ধারণা কেবল ত্বক-পথে, এবং গন্ধের ধারণা কেবল নাসিকা-পথে লাভ করা যায়।

দ্বিতীয় প্রকার সরল ধারণা হল, একাধিক ইন্দ্রিয়লব্ধ ধারণা (ideas received by more than one sense)। যেমন - বিস্তার (extension), গতির (motion) ও স্থিতির (rest) ধারণা। চোখ দিয়ে এবং স্পর্শ করে এদের জানা যায় এবং সেইভাবেই (অর্থাৎ ঐ দুটি ইন্দ্রিয় উদ্দীপনার মাধ্যমে) তাদের ধারণা লাভ করা যায়।

উপরিউক্ত দুটি প্রকার হল সংবেদনলব্ধ সরল বা মৌলিক ধারণা যেখানে ধারণা গ্রহণ ক্ষেত্রে মনের কোন সক্রিয় ভূমিকা থাকে না, মন নিষ্ক্রিয়ভাবে ওইসব ধারণাকে গ্রহণ করে।

---

[১] ... the clouds, reach as

তৃতীয় প্রকার সরল ধারণা হল, শুধুমাত্র অন্তর্দর্শনলব্ধ ধারণা (simple ideas of reflection only)। এপ্রকার, দুটি মুখ্য ধারণা হল, প্রত্যক্ষ বা চিন্তনের ধারণা এবং ইচ্ছা বা সংকল্পের ধারণা।

চতুর্থ প্রকার সরল ধারণা হল, সংবেদন ও অন্তর্দর্শনলব্ধ ধারণা (ideas coming through sensation and reflection)। যেমন - বল বা শক্তি, অস্তিত্ব ইত্যাদির ধারণা। 'বল' বা 'শক্তি'র পরীক্ষা নিম্ন বিষয়টি বাদ্য করা গেল : জাগতিক বস্তুসমূহের পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া প্রত্যক্ষ করে আমরা যেমন 'শক্তির' ধারণা লাভ করি (সংবেদন মূলক) তেমনি ইচ্ছা অনুসারে নিজ অঙ্গ-সঞ্চালন প্রত্যক্ষ করেও অন্তর্দর্শনের মাধ্যমে 'বল' বা 'শক্তির' (ইচ্ছা শক্তির) ধারণা লাভ করি। অর্থাৎ 'শক্তির' ধারণাটি যেমন সংবেদনের মাধ্যমে লাভ করা যায় তেমনি অন্তর্দর্শনের মাধ্যমেও লাভ করা যায়।

এই চার প্রকার সরল ধারণাই হল আমাদের সমগ্র জ্ঞানের মৌলিক উপাদান (original content)। উপমা প্রয়োগ করে বলা চলে, 'বর্ণ' বা অক্ষরের সঙ্গে ভাষার সম্পর্ক যেমন, এইসব সরল ধারণার সঙ্গে জ্ঞানের সম্পর্কও তদ্রূপ। 'প্রমাণের সমগ্র রচনা যেমন মাত্র ২৪টি অক্ষরের দ্বারা রচিত, আমাদের সমগ্র জ্ঞানেরও তেমনি উপকরণ হল কয়েকটি মাত্র সরল ধারণা।'[১] জ্ঞানের মৌল উপাদান এইসব সরল ধারণাকে মানুষ যেমন সৃষ্টি করতে পারে না, তেমনি ধ্বংসও করতে পারে না। তারা যেখানে আবির্ভূত হয় মন তাদের সেভাবেই গ্রহণ করে। এপ্রসঙ্গে লক বলেন, মানুষের বোধ (understanding) নেই এমন কোন সরল ধারণাকে মানুষ যেমন নতুন করে সৃষ্টি করতে পারে না, তেমনি বোধ অস্তিত্ব কোন সরল ধারণাকে সে বিনষ্ট করতেও পারে না।[২]

জটিল বা যৌগিক ধারণা গঠন (Formation of Complex ideas)

মনের মধ্যে সংবেদন ও অন্তর্দর্শনলব্ধ বিভিন্ন সরল ধারণার সমাবেশ ঘটলে মনের সক্রিয়তা দেখা দেয়। এই পর্যায়ে মন সক্রিয়ভাবে বিভিন্ন সরল ধারণাকে সুবিন্যস্ত ক'রে, যুক্ত ক'রে, পরিবর্তিত ও পরিবর্ধিত ক'রে যেসব ধারণা গঠন করে তা হল জটিল ধারণা বা যৌগিক ধারণা। উল্লেখযোগ্য যে, এভাবে বিভিন্ন সরল ধারণা সহযোগে সক্রিয়ভাবে মন জটিল বা যৌগিক ধারণা গঠন করতে পারলেও সরল ধারণাগুলিকে মন গঠন করতে পারে না। কাজেই, সঠিক অর্থে, মন এখানে ধারণার আকার প্রকারক, সংগঠক নয়। মন এখানে সক্রিয়ভাবে সংবেদনমূলক এবং অন্তর্দর্শনমূলক মৌলিক (সরল) ধারণা গ্রহণ করে যৌগিক ধারণার আকার দেয় মাত্র। রূপ, রস, গন্ধ, স্পর্শ, আকার, বিস্তার ইত্যাদি সরল ধারণা সহযোগে পর্বত, নদী ইত্যাদি ভৌত পদার্থের ধারণা হল যৌগিক বা জটিল ধারণা। সোনার পাহাড়, মৃতের সাগর জাতীয় কল্প-ধারণাও জটিল ধারণা, কেননা এসব ধারণাও সরল ধারণা সহযোগে মন সক্রিয়ভাবে গঠন করে। সোনার বিভিন্ন গুণ সম্পর্কে আমাদের ধারণা আছে, তেমনি পাহাড়ের বিভিন্ন বৈশিষ্ট্যের ধারণাও আমরা পোষণ করি। এবার, সোনার ও পাহাড়ের বিভিন্ন ধারণাকে যুক্ত করে আমরা সোনার পাহাড়ের

---

১. 'As all Homer is composed out of only twenty four letters, so these few